

# Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 19 April, 2025

লাইসেন্স বিহীন চালক, ফিটনেস বিহীন গাড়ী, অধিক গতিতে গাড়ী চালানো, হেলমেট বিহীন মোটরসাইকেল চালানোর বিরুদ্ধে চারঘাট আর্মি ক্যাম্প হতে সেনাবাহিনী, পবা হাইওয়ে, জেলা ট্রাফিক পুলিশের যৌথ অভিযান রাজশাহীর পুঠিয়া থানাধীন বানেশ্বর ট্রাফিক মোড়ে মহাসড়কের উপর পরিচালনা করা হয়েছে। এ সময় বিভিন্ন গাড়ীতে তল্লাশি ২৫টি জরিমানা করা হয়।

শনিবার (১৯ এপ্রিল) সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত উপজেলার রাজশাহীর পুঠিয়া থানাধীন বানেশ্বর ট্রাফিক মোড়ে মহাসড়কের উপর এলাকায় এই ডায়নামিক চেকপোস্ট বসানো হয়। এসব তথ্য নিশ্চিত করেন, চারঘাট আর্মি ক্যাম্পের ইনচার্জ সিনিঃ ওয়ারেন্ট অফিসার মোঃ কালাম।

পবা হাইওয়ে থানার ওসি মোঃ মোজাম্মেল হোসেন বলেন, অভিযানে বিভিন্ন যানবাহন তল্লাশি করা হয়। এ সময় হেলমেট এবং লাইসেন্স না থাকায় পবা হাইওয়ে পুলিশ ১৩টি, জেলা ট্রাফিক পুলিশ ১২টি মোটরসাইকেলের বিরুদ্ধে মামলা ও আরোহীর কাছ থেকে জরিমানা আদায় করা হয়।

দেশের চলমান পরিস্থিতিতে ট্রাফিক আইনের পরিপন্থী সকল প্রকার অবৈধ কার্যক্রম দমনসহ আইনের শাসন সমুন্নত রাখার লক্ষ্যে কঠোর অবস্থান অব্যাহত থাকবে বলে জানান জেলা ট্রাফিক পুলিশের টিএসআই মোঃ রাসেল।

যৌথ বাহিনী চেকপোস্ট জরিমানা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:14

URL: <https://www.timestodaybd.com/public/rajshahi/7758071077>